From this view point, then rationalism ...

**Q. 3. Critically discuss main theses of Rationalism.**

Ans. Rationalism regards reason as the main source of valid knowledge. Permenides, Socrates and Plato are the early propounder of rationalism and Descarte, Spinoza, Leibnitz, Wolff and Bradley are the advocates of modern rationalism. Their views differ in many respects but in many respects they also agree. In this context, we may discuss main theses of rationalism in the following way.

1. Rationalism holds that true or valid knowledge originates in reason or intellect. If reason or intellect is not regarded as a separate source of knowledge, knowledge of general ideas, like humanity, trueness, substances etc. cannot be obtained. Some rationalists consider sense-experience also as a source of knowledge but all rationalists think that knowledge received through sense-experience varies from person to person. So, these are incomplete and imperfect and sometimes wholly misleading.

2. Rationalism holds that reason alone can give us knowledge which is eternal, necessary and universally valid. Sense-experience can give us knowledge only of phenomena and not of noumena. It can never give us knowledge of universal and necessary truths. It cannot import the knowledge of ultimate reality and truth.

3. Rationalism regards mind as essentially active and intellect or reason to be its natural attribute. Through the activity of mind intellect or reason makes our knowledge possible.

4. Rationalism admits the existence of certain innate ideas as the source of certain knowledge, for example, infinity, eternity, absolute being etc. These ideas of fundamental notions cannot be derived from sense -experience. Innate ideas are self-evident and necessary fundamental ideas which are the source of all clear and distinct ideas. Infants are not born with innate ideas but with a disposition to acquire them.

5. Rationalists believe that true knowledge can be obtained through mathematical deduction and analysis from these a priori ideas and principles. Valid knowledge, according to these thinkers, consists in the elaboration of the innate ideas and principles by means of inference as geometrical propositions are deduced from axioms: These thinkers regard mathematics as the ideal of knowledge. In their opinion, empirical knowledge on many occasions is found to be doubtful but mathematical truths have universal validity. They think that if the mathematical method could be applied to philosophy, the results of philosophical investigations could be made as certain and definite as those of mathematics.

6. Empiricists declare that if propositions are a priori, they must by analytic. But according to the rationalists propositions may be both a priori and synthetic, as for example, 7+5 =12. So rationalists admit three kinds of propositions a priori analytic, a posteriori synthetic and a priori synthetic.

7. According to rationalists truths of facts can be obtained through experience but necessary truths can be obtained only through reason of intellect. In this way, rationalists admit both sense-experience and reason necessary for the origination of knowledge.

8. Rationalists admit the reality of values. They maintain that knowledge of values can be obtained only through intellect and they can never be known through sense-experience. Values like truth, goodness and beauty are objective, they are not figments of imagination. Empiricists think that evaluative propositions are the expressions of a

man's liking or disliking, approval or disapproval. But rationalists point out that if a man approves something and another man disapproves that, it does not involve any logical contradiction. But if somebody says 'it is good', and another person says 'it is bad', then their statements involve logical contradiction, for the same thing cannot be good and bad at the same time.

*Rationalism, as a theory of the nature and origin of knowledge, has got the following defects :*

(a) Rationalism considers that all knowledge derived from sense experience is false. But this view cannot be accepted. Reason alone without sense-experience cannot make knowledge possible and cannot give us direct and exact knowledge of this universe.

(b) Rationalism considers all true knowledge either as innate or as derived from innate ideas. But this view cannot be admitted. We must distinguish philosophical knowledge from mathematical knowledge. The latter is abstract, but the former deals with real entities.

(c) Rationalists have admitted certain ideas and principle to be absolutely certain only because of the self-evidence. Though we accept this claim as true, we cannot deduce knowledge of the concrete facts of reality derived from experience from such abstract truths with logical certainty.

(d) Rationalism can be condemned as dogmatic. Specially extreme rationalists have admitted reason as only source of knowledge, but moderate rationalists have admitted the role of experience though they have put more stress on reason or intellect.

**Q. 4. What is the meaning of empiricism? Name some of the empiricist philosophers. Distinguish between moderate empiricism and extreme empiricism.**

**Ans.** Empiricism holds that sense-experience is the source of true knowledge. According to them, knowledge based on reason cannot give us new information or novelty. We can get this thing from knowledge based on sense-experience. In the ancient Greek philosophy, the atomists and the sophists like Protagoras, Gorgias were the advocates of empiricism, According to the sophists sensations can only be perceived and definitely known, and as such they are the only materials of knowledge. A man's individual experience is the measure of all things. Truth is relative. It varies from man to man. In the post-sophistic period, philosophers like Aristippus and Epicurus were also advocates of empiricism, but their chief interest lay in advocating moral theories.

In modern philosophy, Locke, Berkeley and Hume are the main advocates of empericism. Francis Bacon proved himself to be a more consistent empiricist than his predecessors. Like other empiricists, he believed that human knowledge begins with sense-experience. He also averred that knowledge can be enlarged by careful observation and experiment. Hobbes and Gassendi pursued the empirical line of thought. Hobbes also believed that sensation is the source of all our knowledge. But the empiricism of Locke is more systematic than that of Bacon.

According to empiricism, all knowledge of factual truths originates from sense-experience. This view of empiricism has two main forms like Moderate Empiricism and Extreme Empiricism. The main advocate of the first form is David Hume and the leading exponent of the second is J. S. Mill.

Moderate empiricists like, Hume say that all knowledge about matters-of-fact comes from experience. In this context experience includes our experience obtained through introspection or reflection. If a propositional knowledge is a knowledge regarding a matter-of-fact, then we can know it only through sense-empirience. We cannot be said to have any such knowledge about an actual state-of-affairs if it is not known through experience. The moderate empiricists, however, give a different opinion about a priori propositions. These propositions are propositions concerning relations between ideas, e.g., propositions of mathematics. A priori propositions do not require any reference to experience for knowing their truth or falsity are called a priori propositions. Such propósitions, in this view, are derived from reason. On the other hand, propositions concerning matters-of-fact are a posteriori propositions and these propositions are derived from experience.

The extreme empiricists maintain that all propositions are derived from experience. We cannot have any knowledge without sense-experience. In their view not only propositions concerning matters-of-fact but also logical principles and mathematical truths are known through sense-expirience. They are nothing but generalizations on the basis of empirical data.

Q. 5. Critically find out main theses of Empiricism.

## ৪.১৩. বুদ্ধিবাদের প্রধান প্রধান বক্তব্য (Main Thesis of Rationalism) :

বুদ্ধিবাদের সম্পূর্ণ প্রকৃতি জানতে হলে যেসব মূল তত্ত্বকে কেন্দ্র করে এই মতবাদ গড়ে উঠেছে, তাদের সম্পর্কে জানতে হয়। বুদ্ধিবাদের মূল বক্তব্য কি কি? এই প্রশ্নের উত্তরে বুদ্ধিবাদের মূল তত্ত্বগুলির আলোচনা করতে হয়। যেসব মূল তত্ত্ব বুদ্ধিবাদে আলোচিত হয়েছে তা হল : (ক) জ্ঞান-সংক্রান্ত তত্ত্ব, (খ) যুক্তিশাস্ত্র-সংক্রান্ত তত্ত্ব, (গ) মন-সংক্রান্ত তত্ত্ব, (ঘ) অধিবিদ্যা-সংক্রান্ত তত্ত্ব এবং (ঙ) মূল্য-সংক্রান্ত তত্ত্ব।

**(ক) জ্ঞান-সংক্রান্ত তত্ত্ব :** জ্ঞান-তাত্ত্বিক বিষয়ে বুদ্ধিবাদের বক্তব্য হল : (১) বুদ্ধির সাহায্য ছাড়া নিছক ইন্দ্রিয়-অভিজ্ঞতা কোন জ্ঞান দিতে পারে না। নিছক ইন্দ্রিয়-সংবেদন অর্থহীন সংবেদন-জটলা। আমার সামনের বস্তুটি যে টেবিল—এ জ্ঞান শুধুমাত্র ইন্দ্রিয়-অভিজ্ঞতার মাধ্যমে হয় না। 'টেবিলত্বের' ধারণা না থাকলে বস্তুটি যে টেবিল এ জ্ঞান হতে

পারে না। সুতরাং বস্তুটিকে জানবার আগে 'টেবিলত্বের' ধারণা থাকা প্রয়োজন। 'টেবিলত্বের' ধারণাটি সামান্য-ধারণা। সামান্য-ধারণা গঠনের ক্ষেত্রে ইন্দ্রিয়-সংবেদনের সঙ্গে বুদ্ধিরও প্রয়োজন হয়।

অভিজ্ঞতালব্ধ জ্ঞান সার্বিক (universal) নয়। আমাদের বিশেষ বিশেষ বস্তু বা ঘটনা প্রত্যক্ষ হয়। বিশেষের জ্ঞান থেকে সামান্য জ্ঞানে উপনীত হতে গেলে বুদ্ধির ওপর নির্ভর করতে হয়। আমরা কতক মানুষের মৃত্যু দেখি। বুদ্ধির ওপর নির্ভর না করে, কতক মানুষের মৃত্যু দেখে সব মানুষের মরণশীলতা সম্বন্ধে কিছু বলা সম্ভব হয় না। উপরন্তু, অভিজ্ঞতালব্ধ জ্ঞান নির্ভরযোগ নয়। এই জ্ঞান ব্যক্তিভেদে, স্থানভেদে, কালভেদে ভিন্ন ভিন্ন হয়। অভিজ্ঞতা অনেক সময়ে আমাদের ছলনা করে। তৃষিত পথিক মরুমাঝে জলাশয় দেখে, যদিও তা মরীচিকা।

বুদ্ধিবাদীরা বলেন, এমন অনেক ধারণা আছে যা সম্পূর্ণরূপে বুদ্ধিগ্রাহ্য (পূর্বতসিদ্ধ), যেমন চিন্তার মূল সূত্র-সম্পর্কিত ধারণা, ঈশ্বরের ধারণা, আত্মার ধারণা, কার্য-কারণের ধারণা ইত্যাদি। বুদ্ধিবাদীরা এসব ধারণাকে 'সহজাত' বলেছেন। বুদ্ধিবাদীরা মনে করেন, এসব ধারণার ওপর নির্ভর করে অবরোহ পদ্ধতির মাধ্যমে যেসব জ্ঞান পাওয়া যায় কেবল সেই সব জ্ঞানই যথার্থ জ্ঞান।

বুদ্ধিবাদীরা যে সত্যের উল্লেখ করেছেন তা জাগতিক (factual) সত্য নয়, তা যৌক্তিক সত্য (logical truth)। জাগতিক সত্য যা, তা আমাদের অভিজ্ঞতার জগতে সত্য। যেমন, 'দুধের রঙ সাদা'। কিন্তু আমাদের অভিজ্ঞতার বাইরে, অনাগত ভবিষ্যতে এই জ্ঞানটি সত্য হবেই—জ্ঞানটির এই অনিবার্যতা নেই। বুদ্ধিবাদীরা যে জ্ঞানের সন্ধান করেন তা গাণিতিক জ্ঞানের মতো অনিবার্য ও নিঃসন্দিগ্ধ। এই মতে গাণিতিক জ্ঞানই জ্ঞানের আদর্শ। '২ + ২ = ৪', 'ত্রিভুজ চতুর্ভুজ নয়'—জ্ঞান দুটি অনিবার্যরূপে সত্য। তাই বুদ্ধিবাদীদের অভিমত হল, প্রকৃত জ্ঞান সংশয়াতীতের জ্ঞান।

**(খ) যুক্তিশাস্ত্র-সংক্রান্ত তত্ত্ব :** চরমপন্থী বুদ্ধিবাদীরা অভিজ্ঞতালব্ধ জ্ঞানকে সম্পূর্ণরূপে অস্বীকার করেছেন। এঁদের মতে সত্যজ্ঞান কেবল বিশুদ্ধ বুদ্ধিলব্ধ। কিন্তু নরমপন্থী বুদ্ধিবাদীরা দু'প্রকার সত্যজ্ঞান স্বীকার করেন—(১) জাগতিক বিষয়-সংক্রান্ত সত্যজ্ঞান এবং (২) বিশুদ্ধ বুদ্ধিলব্ধ সত্যজ্ঞান। অবশ্য দু'প্রকার সত্যকে স্বীকার করলেও এঁরা দ্বিতীয় প্রকার জ্ঞানকে প্রথম প্রকার অপেক্ষা উন্নতমানের বলে মনে করেন।

লক্ষণীয় যে, অভিজ্ঞতাবাদী হিউম এবং হিউম-পন্থীরাও জ্ঞানের অনুরূপ বিভাগ স্বীকার করেছেন। হিউমের মতে, প্রথম প্রকার জ্ঞান যে বাক্যে প্রকাশ পায়, তা 'পরতসাধ্য সংশ্লেষক' আর দ্বিতীয় প্রকার জ্ঞান যে বাক্যে প্রকাশ পায়, তা 'পূর্বতসিদ্ধ বিশ্লেষক'। হিউমের সঙ্গে এই বিষয়েই নরমপন্থী বুদ্ধিবাদীদের মত-পার্থক্য। নরমপন্থী বুদ্ধিবাদীদের অনেকে বলেন যে, প্রথম প্রকার জ্ঞান যে বাক্যে প্রকাশ পায়, তা 'পূর্বতসিদ্ধ বিশ্লেষক' হতে পারে আবার 'পূর্বতসিদ্ধ সংশ্লেষক'ও হতে পারে। অনেকে আবার এই অভিমত প্রকাশ করেছেন যে, পূর্বতসিদ্ধ সংশ্লেষক বাক্যের মাধ্যমেই যথার্থ জ্ঞান প্রকাশ পায়, কেননা এই জাতীয় বাক্যে যে জ্ঞান ব্যক্ত হয় তাতে জ্ঞানের দুটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য, অবশ্যম্ভবতা ও অভিনবত্ব থাকে।

অতএব বুদ্ধিবাদীদের অনেকে তিন প্রকার বাক্য ও জ্ঞান স্বীকার করেন। যথা—(১) পরতসাধ্য সংশ্লেষক, (২) পূর্বতসিদ্ধ বিশ্লেষক ও (৩) পূর্বতসিদ্ধ সংশ্লেষক।

**(গ) মন-সংক্রান্ত তত্ত্ব :** বুদ্ধিবাদীদের মতে, জন্মলগ্নে আমরা স্পষ্ট কোন ধারণা বা জ্ঞান নিয়ে না জন্মালেও, ধারণা লাভের বা জ্ঞানলাভের একটা সামর্থ্য বা প্রবণতা নিয়ে জন্মাই। এই জন্মগত সামর্থ্য বা জ্ঞানলাভের প্রবণতা অস্বীকার করলে ব্যক্তির সঙ্গে ব্যক্তির ভেদ, মানুষ থেকে মনুষ্যেতর প্রাণীর ভেদ ব্যাখ্যা করা যায় না। মনুষ্যেতর প্রাণীরও ইন্দ্রিয়-সংবেদন আছে, কিন্তু তাদের বস্তুজ্ঞান হয়—একথা বলা যায় না। এর কারণ মনুষ্যেতর প্রাণী জ্ঞানলাভের কোন সামর্থ্য নিয়ে জন্মায় না। আবার একই পরিবেশে বেড়ে-ওঠা দুটি মানব-শিশুর ব্যক্তিত্বের বিকাশ একরকম হয় না। এর কারণ, তারা একই সামর্থ্য নিয়ে জন্মায় না। বুদ্ধিবাদীরা এই সামর্থ্যকেই 'বুদ্ধি' বলেছেন। এই সামর্থ্যের বলেই আমাদের অভিজ্ঞতা-নিরপেক্ষ ধারণা হয়; আবার অভিজ্ঞতা-সাপেক্ষ ধারণাগুলিও এই সামর্থ্যের ওপর নির্ভর করে। জন্মগত এই প্রবণতা বা সামর্থ্যের সক্রিয় প্রয়োগ না হলে নিছক ইন্দ্রিয়-সংবেদন জ্ঞানোৎপত্তি ঘটাতে পারে না। বুদ্ধিবাদীরা এই কারণে জ্ঞানের ক্ষেত্রে মনকে নিষ্ক্রিয় বলেন না। এঁদের মতে সব ধারণা বা জ্ঞান এই সামর্থ্যের ফল।

বুদ্ধিবাদীরা ইন্দ্রিয়-সংবেদন ও বুদ্ধি ছাড়াও জ্ঞানের ক্ষেত্রে আর এক ধরনের মানসবৃত্তি স্বীকার করেছেন এবং তা হল **স্বজ্ঞা** বা **বোধি** (intuition)। স্বজ্ঞা একধরনের বিশুদ্ধ বা বৌদ্ধিক প্রত্যক্ষ—যে প্রত্যক্ষে কোন ইন্দ্রিয়-সংবেদন থাকে না। যখন আমরা কোন বিশেষ জীবকে মানুষরূপে প্রত্যক্ষ করি, তখন আমরা শুধু ঐ বিশেষ জীবটিকেই দেখি না, তার মধ্যে মনুষ্যত্ব-সামান্যও দেখি। মনুষ্যত্ব-সামান্য প্রত্যক্ষের মাধ্যমে সব মানুষেরই প্রত্যক্ষ হয়, কেননা মনুষ্যত্ব ধর্মটি সব মানুষের ধর্ম। এই প্রত্যক্ষ কোন ইন্দ্রিয়ের প্রত্যক্ষ নয়—**এ হল বুদ্ধিজাত প্রত্যক্ষ**। অনেক বুদ্ধিবাদী দার্শনিক এই প্রকার স্বজ্ঞাজাত জ্ঞানকেই সর্বোচ্চে স্থান দিয়েছেন। দেকার্ত ও স্পিনোজার মতে স্বজ্ঞাজাত জ্ঞানই সর্বশ্রেষ্ঠ জ্ঞান।

**(ঘ) অধিবিদ্যা-সংক্রান্ত তত্ত্ব :** বুদ্ধিবাদী দার্শনিক মাত্রই অধিবিদ্যাকে সম্ভব বলেন এবং দর্শনের অন্যান্য শাখা অপেক্ষা অধিবিদ্যার আলোচনার ওপর বেশি গুরুত্ব দেন। প্লেটো, অ্যারিস্টটল্ প্রমুখ প্রাচীন গ্রীক-দার্শনিকগণ অভিজ্ঞতাগ্রাহ্য জগতের পশ্চাতে যে সদ্‌বস্তু আছে তা স্বীকার করেন এবং সেই সদ্‌বস্তুর জ্ঞান যে মানুষের সাধ্যায়ত্ত সে বিষয়ে সংশয় প্রকাশ করেন না। আধুনিককালে বুদ্ধিবাদী দার্শনিক দেকার্তও দৃশ্যমান জীবজগৎ ও জড়জগতের অস্তিত্ব স্বীকার করলেও এর পশ্চাতে যে চেতনদ্রব্য ও জড়দ্রব্য এবং সর্বোপরি ঈশ্বর আছেন, তার উল্লেখ করেছেন। তাঁর মতে, বুদ্ধির স্বচ্ছ আলোকে চেতনদ্রব্য, জড়দ্রব্য ও ঈশ্বর সম্বন্ধে জ্ঞানলাভ সম্ভব। চরমপন্থী বুদ্ধিবাদীরা আবার অভিজ্ঞতাগ্রাহ্য বস্তুজগতের অস্তিত্বই স্বীকার করেন না। এই মতে, জগতের ব্যবহারিক সত্তা থাকলেও পরমার্থিক সত্তা নেই। এই জগৎ পরমসত্তার প্রকাশ। পরমসত্তার জ্ঞানই পরমজ্ঞান বা শ্রেষ্ঠজ্ঞান। বিজ্ঞান বাহ্যজগতের অর্থাৎ পরমসত্তার বহিঃপ্রকাশের আলোচনা করে। কোন বিজ্ঞান সত্তার স্বরূপ উদ্‌ঘাটন করতে পারে না। পরমসত্তার স্বরূপ জানতে হলে অধিবিদ্যার প্রয়োজন হয়। অধিবিদ্যাই শ্রেষ্ঠ বিদ্যা। **এই মতের সমর্থক হলেন ভল্‌ফ্** (Wolff) এবং **বিশেষ করে ব্রাডলে** (Bradley)।

**(৬) মূল্য-সংক্রান্ত তত্ত্ব :** অধিবিদ্যাকে যাঁরা সম্ভব বলেছেন তাঁরা মূল্যকেও অগ্রাহ্য করতে পারেন নি। বুদ্ধিবাদীরা সেই কারণে মূল্যবাচক বাক্যকে তথ্যজ্ঞাপক বা বিবরণমূলক বাক্যের মতো প্রয়োজনীয় মনে করেছেন। এঁদের মতে বিষয় মূল্য-বর্জিত নয়। পরমসত্তা হল সত্য, শিব ও সুন্দরের প্রতীক। পরমসত্তার প্রকাশই বস্তুজগৎ। তাই বস্তুজগতেও মূল্য ব্যক্ত হয়েছে। মূল্য শুধু ব্যক্তিমনের তৃপ্তিবোধের ওপর নির্ভর করে না, মূল্য বিষয়েও আছে। বস্তুর অন্যান্য ধর্মের মতো মূল্য বিষয়গত। তবে অন্যান্য বস্তুগুণের সঙ্গে মূল্যের পার্থক্য হল—বস্তুর অন্যান্য গুণ যেমন ইন্দ্রিয়-সংবেদনে জানা যায়, মূল্যকে সেভাবে জানা যায় না। মূল্য কেবল বুদ্ধিগম্য, মূল্যের প্রত্যক্ষ বুদ্ধিসঞ্জাত প্রত্যক্ষ (intuition)।

## ৪.১৪. বুদ্ধিবাদের সমালোচনা (Criticism of Rationalism) :

(১) অভিজ্ঞতাবাদীরা যেমন নির্বিচারে অভিজ্ঞতার ওপর গুরুত্ব আরোপ করেছেন, বুদ্ধিবাদীরাও তেমনি নির্বিচারে বুদ্ধির ওপর অত্যধিক গুরুত্ব আরোপ করেছেন। এই কারণে অভিজ্ঞতাবাদের মতো **বুদ্ধিবাদও নির্বিচারবাদ**। নির্বিচারবাদ যুক্তিগ্রাহ্য নয়।

(২) 'অভিজ্ঞতালব্ধ সকল জ্ঞানই ভ্রান্ত'—চরমপন্থী বুদ্ধিবাদীদের এই মত গ্রহণ করা যায় না। ভ্রমাত্মক প্রত্যক্ষের ভ্রম অপর এক প্রত্যক্ষের মাধ্যমে জানতে হয় এবং সেক্ষেত্রে দ্বিতীয় প্রত্যক্ষটিকে প্রথম প্রত্যক্ষের মতো ভ্রমাত্মক বলা যায় না। ভ্রমাত্মক প্রত্যক্ষে ভ্রম ধরা পড়ে না। রজ্জুতে সর্পভ্রম হলে সেই ভ্রম অন্তর্হিত হয় রজ্জুকে রজ্জুরূপে দেখার পর। সুতরাং দ্বিতীয় প্রত্যক্ষটি প্রথম প্রত্যক্ষের মতো ভ্রমাত্মক নয়। আবার রজ্জুকে রজ্জুরূপে দেখাটাও ভ্রমাত্মক বলে বিবেচিত হলে, তৃতীয় এক প্রত্যক্ষ স্বীকার করতে হয়, যাতে দ্বিতীয় প্রত্যক্ষের ভ্রম অন্তর্হিত হতে পারে। এইভাবে, প্রত্যক্ষজ্ঞানকে ভ্রমাত্মক বললে কোন এক প্রত্যক্ষজ্ঞানকে স্বীকার করতে হয়, যা ভ্রমাত্মক নয়।

(৩) দর্শনের ক্ষেত্রে বুদ্ধিবাদীরা যে গাণিতিক পদ্ধতি প্রয়োগ করেন তা গ্রহণযোগ্য নয়। দার্শনিক-জ্ঞান গাণিতিক-জ্ঞান থেকে ভিন্ন প্রকৃতির। গণিতের বিষয় অমূর্ত, দর্শনের বিষয় মূর্ত। গণিতের আলোচ্য অমূর্ত ধারণা হওয়ায় সেক্ষেত্রে সম্পূর্ণভাবে বুদ্ধির ওপর নির্ভর করা চলে। কিন্তু ইন্দ্রিয়াতীতের আলোচনা করলেও দর্শন এই মূর্ত জগতের আলোচনাকে সম্পূর্ণরূপে পরিহার করতে পারে না। কাজেই, দর্শন যখন এই জগৎ-সংক্রান্ত বিষয়ে আলোচনা করে তখন অভিজ্ঞতাকে বর্জন করা যায় না। আগুন যে উত্তপ্ত, বরফ যে শীতল—এসব জ্ঞান আগুন ও বরফের অভিজ্ঞতা যার হয়নি, তার হতে পারে না। উপরন্তু, দর্শনে অবরোহ পদ্ধতি গ্রহণ করলে জ্ঞানের ক্ষেত্রে অভিনবত্ব আসে না। অবরোহ পদ্ধতিতে লব্ধ সিদ্ধান্ত যুক্তিবাক্যের নিহিতার্থকে প্রকাশ করে মাত্র, নতুন কিছু বলে না। দর্শনে কেবল এই পদ্ধতি গ্রহণ করলে দার্শনিক জ্ঞানের অগ্রগতি রুদ্ধ হয়। কাজেই একমাত্র অবরোহমূলক গাণিতিক পদ্ধতি দার্শনিক পদ্ধতি হতে পারে না, দার্শনিক আলোচনায় আরোহী পদ্ধতিরও প্রয়োজন হয়।

(৪) বুদ্ধিবাদীরা যে মনে করেন—সহজাত ধারণার ওপর নির্ভর করে যেসব জ্ঞান পাওয়া যায় সেসব জ্ঞানই যথার্থ জ্ঞান—এই অভিমতও গ্রহণযোগ্য নয়। অভিজ্ঞতা-পূর্ব ধারণাসমূহকে

জ্ঞানের অপরিহার্য শর্ত বলে মেনে নিলেও তাদের 'জ্ঞান' বলা যায় না। শুধু সহজাত ধারণা থেকে চিন্তার জাল বুনে বস্তুজগতের জ্ঞান হয় না। এমনকি গাণিতিক বা জ্যামিতিক বাক্যের অর্থবোধ করতে হলে অভিজ্ঞতার আশ্রয় নিতে হয়। 'ত্রিভুজের দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর'—জ্যামিতির এই প্রতিপাদ্যটিকে প্রমাণ করতে হলে কাগজের ওপর একটি ত্রিভুজ অঙ্কনের প্রয়োজন হয়, যা অভিজ্ঞতার বিষয়। বস্তুত দর্শনের কাজ হল, অভিজ্ঞতার মাধ্যমে উপাদান সংগ্রহ করে বুদ্ধির সাহায্যে তার ব্যাখ্যার দ্বারা জগৎ ও জীবন সম্পর্কে সুসংহত জ্ঞানদান করা। যথার্থ জ্ঞানের ক্ষেত্রে তাই বুদ্ধির সঙ্গে অভিজ্ঞতাকেও স্বীকার করতে হয়। দার্শনিক কান্ট যথার্থই বলেছেন যে, অভিজ্ঞতা দেয় জ্ঞানের **উপাদান** (matter) আর বুদ্ধি দেয় জ্ঞানের **আকার** (form)।

(৫) বুদ্ধিবাদীরা যে সংশয়াতীত সত্যের উল্লেখ করেছেন তা জ্ঞানের আদর্শ নয়, কেননা সেই জ্ঞান হয় পুনরাবৃত্তিমূলক। দেকার্ত যে জ্ঞানকে সংশয়াতীত বলেছেন, প্রকৃতপক্ষে সেই জ্ঞান সংশয়াতীত নয়। 'আমি চিন্তা করি, অতএব আমি আছি'—এই উক্তিটিকে সংশয় করা চলে। চিন্তন-ক্রিয়া ও আমি (আত্মা) অভিন্ন নয়। 'আমি চিন্তা করি, অতএব চিন্তা আছে'—উক্তিটি সংশয়াতীত, কেননা চিন্তা করার অর্থই হল চিন্তার অস্তিত্ব স্বীকার করা। কিন্তু বাক্যটি সংশয়াতীত হলেও, পুনরাবৃত্তিমূলক। অপরপক্ষে 'আমি চিন্তা করি, অতএব আমি আছি' বাক্যটিতে অভিনবত্ব থাকলেও তা সংশয়াতীত নয়। আসলে জ্ঞানের অগ্রগতি ও নতুনত্বের দিকে দৃষ্টিপাত করলে সেই জ্ঞান সংশয়াতীত হতে পারে না। দার্শনিক জ্ঞান শূন্যগর্ভ বা বন্ধ্যা নয়। দার্শনিক জ্ঞানকে পুনরাবৃত্তিমূলক হলে চলে না, দার্শনিক জ্ঞানকে বিশ্ব সম্পর্কে নতুন নতুন তথ্য পরিবেশন করতে হয়। অভিনবত্ব-বর্জিত সংশয়াতীত জ্ঞান দার্শনিক জ্ঞানের পরাকাষ্ঠা নয়।